বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০২৫.৫০.০০৩.২২-১৮৯

তারিখ: ১২ জ্যৈষ্ঠ, ১৪২৮৯ / ২৬ মে, ২০২২

# গণবিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ৯০ক এর অধীন নিবন্ধন করতে ইচ্ছুক এবং রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮-এ উল্লিখিত শর্তাবলী পূরণে সক্ষম রাজনৈতিক দলসমূহকে বিধিমালায় সংযোজিত ফরম-১ নির্বাচন কমিশন প্রদত্ত নির্দেশিকা মোতাবেক পূরণপূর্বক আগামী ২৯ আগস্ট, ২০২২ তারিখের মধ্যে নিবন্ধনের জন্য আবেদন করার আহবান জানানো যাচ্ছে।

০২। নিবন্ধীকরণে আগ্রহী রাজনৈতিক দলকে স্বীয় লেটারহেড প্যাডে দরখাস্ত করতে হবে এবং দরখাস্তের সাথে নিম্নলিখিত আবশ্যকীয় দলিলাদি সংযুক্ত করতে হবে, যথা-

(ক) দলের গঠনতন্ত্র;
(খ) দলের নির্বাচনি ইশতেহার, যদি থাকে;
(গ) দলের বিধিমালা, যদি থাকে;
(ঘ) দলের লোগো এবং পতাকার ছবি;
(ঙ) দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটি বা সমমানের কমিটির সকল সদস্যের পদবীসহ নামের তালিকা;
(চ) দলের নামে রক্ষিত ব্যাংক একাউন্ট নম্বর ও ব্যাংকের নাম এবং উক্ত একাউন্টের সর্বশেষ স্থিতি;
(ছ) দলের তহবিলের উৎসের বিবরণ;
(জ) দলের নিবন্ধনের দরখাস্ত করার জন্য সংশ্লিষ্ট ব্যক্তির অনুকূলে প্রদত্ত ক্ষমতাপত্র;
(ঝ) নিবন্ধ ফি বাবদ সচিব, নির্বাচন কমিশন সচিবালয়ের বরাবরে জমাকৃত অফেরতযোগ্য টাকার ট্রেজারী চালানের কপি (ট্রেজারীতে টাকা জমাদানের কোড নম্বর-১০৬০১০১১০০১২৫-১১০০০০০০০-১১০০১০০০-১৪২২২০৪)
(ঞ) দরখাস্ত দাখিলে দিন পর্যন্ত-

(অ) বাংলাদেশ স্বাধীন হবার পর হতে দরখাস্ত দাখিল করার তারিখ পর্যন্ত সময়ের মধ্যে অনুষ্ঠিত সংসদ নির্বাচনের যে কোন একটিতে দলীয় নির্বাচনি প্রতীক নিয়ে কমপক্ষে একটি আসন লাভের সমর্থনে প্রামানিক দলিল; **অথবা**

(আ) বাংলাদেশ স্বাধীন হবার পর হতে দরখাস্ত দাখিল করার তারিখ পর্যন্ত সময়ের মধ্যে অনুষ্ঠিত সংসদ নির্বাচনের যে কোন একটিতে দরখাস্তকারী দল কর্তৃক নির্বাচনে অংশগ্রহণকৃত নির্বাচনি এলাকায় প্রদত্ত মোট ভোট সংখ্যার শতকরা পাঁচ ভাগ ভোট লাভের সমর্থনে কমিশন বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র; **অথবা**

(ই) দলের কেন্দ্রীয় কমিটিসহ, উহা যে নামেই অভিহিত হোন না কেন, একটি সক্রিয় কেন্দ্রীয় দপ্তর অন্যূন এক তৃতীয়াংশ প্রশাসনিক জেলায় কার্যকর জেলা দপ্তর এবং অন্যূন একশতটি উপজেলা বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন থানায় কার্যকর দপ্তর এবং প্রতি উপজেলায় বা, ক্ষেত্রমত, থানায় অন্যূন দুইশত ভোটার সদস্য হিসাবে দলের তালিকাভুক্ত থাকার সমর্থনে প্রামানিক দলিল।

০৩। কোন রাজনৈতিক দলকে নিবন্ধিত করার সিদ্ধান্ত গ্রহণের পর উক্ত দলের অনুকূলে কমিশন ফরম-৩ এ একটি নিবন্ধন সার্টিফিকেট প্রদান করবে এবং নিবন্ধিত রাজনৈতিক দলের নাম সরকারি গেজেটে প্রকাশ করবে।

০৪। নিবন্ধিত ফরম ও অন্যান্য তথ্যের জন্য নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (নির্বাচন সহায়তা ও সরবরাহ) ফোনঃ ৫৫০০৭৫১৬ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

26.05.2022

(মোঃ হুমায়ুন কবীর খোন্দকার)
সচিব

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

# তফসিল

## ফরম-১

[বিধি ৪ দ্রষ্টব্য]

বরাবর,

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

Representation of the People Order, 1972 (P.O.No. 155 of 1972) এর Article 90A এর অধীন রাজনৈতিক দল নিবন্ধনের জন্য দরখাস্ত।

| |
|---|
| ১। দলের পূর্ণ নাম : |

| |
|---|
| ২। দলের সংক্ষিপ্ত নাম (যদি থাকে) : |

| | |
|---|---|
| ৩। দলের প্রধান কার্যালয়ের ঠিকানা : | |
| ই-মেইল : | |
| ফোন নম্বর : | ফ্যাক্স নম্বর : |

| | |
|---|---|
| ৪। দলের পক্ষে যোগাযোগ রক্ষাকারীর নাম ও পদবী : | |
| টেলিফোন নম্বর : | মোবাইল নম্বর : |

| |
|---|
| ৫। দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটি বা সমমানের কমিটি সংক্রান্ত তথ্য : |

| | |
|---|---|
| ক) গঠন/নির্বাচনের তারিখ | |
| খ) মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ | |

গ) সকল সদস্যের নাম ও পদবী (সংযুক্ত করুন)

৬। যেই প্রতীক দলের অনুকূলে সংরক্ষণের জন্য আবেদন করা হইয়াছে

প্রতীকের নাম

৭(ক) বাংলাদেশ স্বাধীন হইবার পর হইতে দরখাস্ত দাখিলের তারিখ পর্যন্ত সময়ের মধ্যে অনুষ্ঠিত সংসদ নির্বাচনের যে কোন একটিতে দলীয় নির্বাচনি প্রতীক লইয়া কমপক্ষে একটি আসনে নির্বাচিত হইয়াছেন এমন একজন দলীয় প্রার্থীর তথ্য নিম্নে প্রদত্ত হইল :

| | |
|---|---|
| নির্বাচিত সদস্যের নাম : | |
| নির্বাচনি এলাকার নম্বর, নাম ও প্রতীক | যে সংসদ নির্বাচনে নির্বাচিত (কততম?) |

অথবা

৭(খ) বাংলাদেশ স্বাধীন হইবার পর হইতে দরখাস্ত দাখিলের তারিখ পর্যন্ত সময়ের মধ্যে অনুষ্ঠিত সংসদ নির্বাচনের যে কোন একটিতে উক্ত দল কর্তৃক অংশগ্রহণকৃত আসনে প্রদত্ত মোট ভোটের শতকরা পাঁচ ভাগ ভোট লাভ সংক্রান্ত কমিশন কিংবা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এতদসংগে সংযুক্ত করা হইল;

অথবা

৭(গ) দলের কেন্দ্রীয় কমিটিসহ, উহা যে নামেই অভিহিত হউক না কেন, একটি সক্রিয় কেন্দ্রীয় দপ্তর, অন্যূন এক তৃতীয়াংশ প্রশাসনিক জেলায় কার্যকর জেলা দপ্তর এবং অন্যূন একশত উপজেলা বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন থানায় কার্যকর দপ্তর এবং উক্তরূপ প্রতি উপজেলায় বা, ক্ষেত্রমত, থানায় অন্যূন দুইশত ভোটার সদস্য হিসাবে দলের তালিকাভুক্ত থাকিবার সমর্থনে প্রামাণিক দলিল এতদ্সংগে সংযুক্ত করা হইল।

| ৮। দলের নামে যে ব্যাংকে হিসাব (একাউন্ট) রয়েছে উহার নাম ও ঠিকানা | | | |
|---|---|---|---|
| ক্রমিক নম্বর | ব্যাংকের নাম ও ঠিকানা | হিসাব নম্বর | দরখাস্তের তারিখে স্থিতি |
| | | | |
| | | | |
| | | | |

| ৯। দলের তহবিলের উৎস/উৎসসমূহের বিবরণ | | |
|---|---|---|
| ক্রমিক নম্বর | উৎসের ধরন | দরখাস্ত দাখিলের তারিখে তহবিলের পরিমাণ |
| | | |
| | | |
| | | |
| | | |

১০। সংযুক্তি সমূহ : **(দরখাস্তের সহিত বিধি ৬ এ উল্লিখিত আবশ্যকীয় দলিলাদি সংযুক্ত করিতে হইবে)**

ক) দলের গঠনতন্ত্র এতদ্সংগে সংযুক্ত করা হইল ☐ হ্যাঁ ☐ না

খ) দলের নির্বাচনি ইশতেহার এতদ্সংগে সংযুক্ত করা হইল ☐ হ্যাঁ ☐ না

গ) দলের বিধিমালা এতদ্সংগে সংযুক্ত করা হইল ☐ হ্যাঁ ☐ না

ঘ) দলের লোগো এবং পতাকার ছবি এতদ্সংগে সংযুক্ত করা হইল ☐ হ্যাঁ ☐ না

ঙ) দলের নিবন্ধনের বিষয়ে দলের কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্তের অনুলিপি এতদ্সংগে সংযুক্ত করা হইল ☐ হ্যাঁ ☐ না

চ) দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটি বা সমমানের কমিটির সকল সদস্যের নাম ও পদবী এতদ্সংগে সংযুক্ত করা হইল ☐ হ্যাঁ ☐ না

ছ) নিবন্ধন ফি বাবদ সচিব, নির্বাচন কমিশন সচিবালয়ের বরাবরে জমাকৃত অ-ফেরতযোগ্য ________ টাকার ট্রেজারী চালানের কপি যার নম্বর ________ ব্যাংকের নাম ________ এতদ্সংগে সংযুক্ত করা হইল। ☐ হ্যাঁ ☐ না

জ) দলের নামে রক্ষিত ব্যাংক-একাউন্ট এর নাম, একাউন্ট নম্বর ও সর্বশেষ স্থিতির বিবরণ সংযুক্ত করা হইল ☐ হ্যাঁ ☐ না

ঝ) দলের তহবিলের উৎসের বিবরণ এতদ্সংগে সংযুক্ত করা হইল ☐ হ্যাঁ ☐ না

ঞ) নিবন্ধনের দরখাস্ত করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তির অনুকূলে প্রদত্ত ক্ষমতাপত্র এতদ্সংগে সংযুক্ত করা হইল ☐ হ্যাঁ ☐ না

উপরে প্রদত্ত তথ্যসমূহ এবং সংযুক্তি হিসাবে দাখিলকৃত সকল দলিল দস্তাবেজ আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সত্য এবং নির্ভুল। আমরা দলের কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুসারে এই দরখাস্ত পেশ করিতেছি।

| দলের সভাপতি বা সমমর্যাদাধারী কার্যনির্বাহকের স্বাক্ষর এবং তারিখ | দলের মহাসচিব বা সমমর্যাদাধারী কার্যনির্বাহকের স্বাক্ষর এবং তারিখ |
|---|---|

সংযুক্তি : [আবেদনের (ফরম-১) ক্রমিক ৭(গ) এর প্রামানিক দলিলের ক্ষেত্রে সংযুক্তির মোট পৃষ্ঠা সংখ্যা ও একটি সংক্ষিপ্ত সূচিসহ দরখাস্তের সাথে সংযুক্ত অন্যান্য আবশ্যকীয় দলিলাদি বাধাই করে প্রদান করতে হবে।]

১। ..........................................................................................................

২। ..........................................................................................................

৩। ..........................................................................................................

৪। ..........................................................................................................

৫। ..........................................................................................................

৬। ..........................................................................................................

৭। ..........................................................................................................

৮। ..........................................................................................................

৯। ..........................................................................................................

১০। ..........................................................................................................

১১। আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্রসহ সর্বমোট পৃষ্ঠা সংখ্যা:

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**নির্বাচন ভবন, প্লট-ই, ১৪-এ, আগারগাঁও, ঢাকা**
www.ecs.gov.bd

## রাজনৈতিক দল নিবন্ধন ফরম (ফরম-১) পূরণের নির্দেশিকা

রাজনৈতিক দল নিবন্ধনের জন্য Representation of the People Order, 1972 এর Chapter VIA এবং রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮ এর বিধানাবলী অনুসরণ করে দরখাস্ত দাখিল করতে হবে। এ জন্য রাজনৈতিক দল ফরম-১ পূরণ করে নির্বাচন কমিশন সচিবালয়ে দাখিল করবেন। রাজনৈতিক দলকে নিবন্ধন ফরম (ফরম-১) কিভাবে পূরণ করতে হবে ক্রমিক নম্বর অনুযায়ী নিচে তার বিবরণ দেয়া হলঃ

ক্রমিক নং ১ এই ঘরে রাজনৈতিক দলের পূর্ণ নাম পরিষ্কারভাবে লিখতে হবে;

ক্রমিক নং ২ এই ঘরে রাজনৈতিক দলের সংক্ষিপ্ত নাম, যদি থাকে, পরিষ্কারভাবে লিখতে হবে;

ক্রমিক নং ৩ দলের প্রধান কার্যালয়ের ঠিকানা, ই-মেইল নম্বর এবং ফ্যাক্স নম্বর নির্ধারিত ঘরে লিখতে হবে; দলের প্রধান কার্যালয় নিজস্ব ভবনে না ভাড়া বাড়িতে অবস্থিত সে সম্পর্কে প্রামাণিক দলিলসহ নিম্নোক্ত তথ্যাদি অতিরিক্ত কাগজ সংযুক্ত করে উল্লেখ করতে হবে;
ক) নিজস্ব ভবন হলে তার সপক্ষে কাগজপত্র; অথবা
খ) ভাড়া বাড়িতে অবস্থিত হলে ভাড়ার চুক্তিপত্র ও রশিদ

ক্রমিক নং ৪ দলের পক্ষে কমিশনের সহিত যোগাযোগ রক্ষাকারীর নাম ও পদবী লিখতে হবে এবং তাঁর টেলিফোন নম্বর ও মোবাইল নম্বর নির্ধারিত ছকে পূরণ করতে হবে এবং যোগাযোগের অন্য কোন মাধ্যম থাকলে তা উল্লেখ করতে হবে;

ক্রমিক নং ৫

(ক) দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটি বা সমমানের কমিটি গঠনের তারিখ উল্লেখ করতে হবে;
(খ) দলের গঠিত কেন্দ্রীয় নির্বাহী কমিটি বা সমমানের কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখও উল্লেখ করতে হবে;
(গ) দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটি বা সমমানের কমিটির সকল সদস্যের নাম ও পদবী অতিরিক্ত কাগজে সংযুক্ত করতে হবে;

ক্রমিক নং ৬ নির্বাচন পরিচালনা বিধিমালার নির্ধারিত প্রতীক হতে [নির্বাচন কমিশনের সহিত নিবন্ধিত ৩৯টি রাজনৈতিক দলের সংরক্ষিত প্রতীক ব্যতিত] যে প্রতীক দলের অনুকূলে সংরক্ষণের জন্য আবেদন করা হচ্ছে সে প্রতীকের নাম নির্ধারিত ঘরে লিখতে হবে;

ক্রমিক নং ৭ ৭(ক) অথবা ৭(খ) অথবা ৭(গ) যে কোন একটি (যার জন্য যা প্রযোজ্য) পূরণ করতে হবে;
(ক) বাংলাদেশ স্বাধীন হওয়ার পর হতে দরখাস্ত দাখিলের তারিখ পর্যন্ত সময়ের মধ্যে অনুষ্ঠিত সংসদ নির্বাচনের যে কোন একটিতে দলীয় নির্বাচনি প্রতীক নিয়ে কমপক্ষে একটি আসনে নির্বাচিত হয়েছেন এমন একজন দলীয় প্রার্থীর নাম, তিনি যে নির্বাচনি এলাকা থেকে নির্বাচিত হয়েছেন সেই নির্বাচনি এলাকার নম্বর, নাম ও প্রতীক এবং কততম সংসদ নির্বাচনে নির্বাচিত তার বিবরণ প্রদত্ত ছকে লিখতে হবে এবং গেজেটের কপি সংযুক্ত করতে হবে; অথবা
(খ) বাংলাদেশ স্বাধীন হবার পর হতে দরখাস্ত দাখিলের তারিখ পর্যন্ত সময়ের মধ্যে অনুষ্ঠিত সংসদ নির্বাচনের যে কোন একটিতে আবেদনকারী দল কর্তৃক অংশগ্রহণকৃত আসনে প্রদত্ত মোট ভোটের শতকরা পাঁচ ভাগ ভোট লাভ সংক্রান্ত কমিশন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে (প্রত্যয়নপত্র নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (নির্বাচন) প্রদান করবেন); অথবা

(গ) দলের কেন্দ্রীয় কমিটিসহ দেশের মোট জেলার অন্যূন এক তৃতীয়াংশ প্রশাসনিক জেলায় জেলা কমিটিসহ কার্যকর জেলা দপ্তর ও দপ্তরসমূহের দলিলাদি এবং অন্যূন একশতটি উপজেলা বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন থানায় কার্যকরী দপ্তর থাকবার প্রামাণিক দলিল সংযুক্ত করতে হবে এবং উক্তরূপ প্রতি উপজেলায় বা, ক্ষেত্রমত, থানায় অন্যূন দুইশত ভোটার সদস্য হিসেবে দলের তালিকাভুক্ত থাকবার সমর্থনে প্রামাণিক দলিল সংযুক্ত করতে হবে। অতিরিক্ত কাগজে নিম্নোক্ত প্রদত্ত ছক আকারে প্রাথমিক তথ্যাদি প্রদান করতে হবে; **(প্রামানিক দলিলাদি বাঁধাই করে দরখাস্তের সাথে জমা দিতে হবে। শুরুতে দলিলাদির একটি সংক্ষিপ্ত সূচীও, যেমন জেলা দপ্তরের বাড়ীর দলিলাদি/বাড়ী ভাড়ার চুক্তিপত্র, জেলা কমিটির তালিকা, উপজেলা পর্যায়ে বাড়ীর দলিলাদি/বাড়ী ভাড়া চুক্তিপত্র, উপজেলা পর্যায়ের কমিটির তালিকা, প্রতি ১০০টি উপজেলা যার প্রতিটিতে ২০০ জন ভোটার সদস্যের অন্তর্ভুক্তির প্রামাণিক দলিল ইত্যাদি প্রদান করতে হবে এবং দলিলাদির মোট পৃষ্ঠা সংখ্যা উল্লেখ করতে হবে।)**

**অন্যূন এক তৃতীয়াংশ প্রশাসনিক জেলার দপ্তরসমূহের তথ্য**

| ক্রমিক নং | জেলার নাম | দপ্তরসমূহের ঠিকানা* | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | কমিটির সদস্যদের নাম পৃথক পৃথক কাগজে নির্মাণের ছক অনুযায়ী সংযুক্ত করতে হবে |

**১০০টি উপজেলা/মেট্রোপলিটন থানার দপ্তরসমূহের তথ্য**

| ক্রমিক নং | উপজেলা/মেট্রোপলিটন থানার নাম | দপ্তরসমূহের ঠিকানা* | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | কমিটির সদস্যদের নাম পৃথক পৃথক কাগজে নির্মাণের ছক অনুযায়ী সংযুক্ত করতে হবে |

**জেলা/উপজেলা/মেট্রোপলিটন থানার কমিটির সদস্যদের তথ্য**

| ক্রমিক নং | উপজেলা/মেট্রোপলিটন থানার নাম | দপ্তরসমূহের ঠিকানা* | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |

* দলের দপ্তর/দপ্তরসমূহ নিজস্ব ভবনে না ভাড়া বাড়িতে অবস্থিত সে সম্পর্কে প্রামাণিক দলিলসহ নিমেণাক্ত তথ্যাদি অতিরিক্ত কাগজ সংযুক্ত করে উল্লেখ করতে হবে;

ক) নিজস্ব ভবন হলে তার সপক্ষে কাগজপত্র; অথবা

খ) ভাড়া বাড়িতে অবস্থিত হলে ভাড়ার চুক্তিপত্র ও রশিদ; অথবা

ক্রমিক নং ৮ — দলের নামে যে ব্যাংকে হিসাব (একাউন্ট) রয়েছে উক্ত ব্যাংকের নাম ও ঠিকানা, হিসাব (একাউন্ট) নম্বর এবং দরখাস্তের তারিখে স্থিতি কত রয়েছে তা উল্লেখ করতে হবে (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে)

ক্রমিক নং ৯ — দলের তহবিলের উৎস/উৎসসমূহের ধরণ এবং দরখাস্ত দাখিলের তারিখে তহবিলের পরিমাণ নির্ধারিত ছকে উল্লেখ করতে হবে (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে);

ক্রমিক নং ১০ — চাহিদামাফিক সংযুক্তিসমূহের ক্রমিকের হ্যাঁ বা না ঘরে টিক চিহ্ন প্রদান করতে হবে;

ক্রমিক নং ১১ — (ছ) অফেরতযোগ্য ৫০০০/-(পাঁচ হাজার) টাকা জমা দেয়ার বিস্তারিত বিবরণ দিতে হবে।

ক্রমিক নং ১২ — দরখাস্ত উপসচিব (নিঃ সঃ ও সঃ) ফোনঃ ৫৫০০৭৫১৬ এর দপ্তরে জমা প্রদান করবেন।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

## নিবন্ধিত রাজনৈতিক দলের সংরক্ষিত প্রতীক

| ক্রমিক নম্বর | দলের নাম | সংরক্ষিত প্রতীক |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০১. | লিবারেল ডেমোক্রেটিক পার্টি-এল.ডি.পি | "ছাতা" |
| ০২. | জাতীয় পার্টি - জেপি | "বাইসাইকেল" |
| ০৩. | বাংলাদেশের সাম্যবাদী দল (এম.এল) | "চাকা" |
| ০৪. | কৃষক শ্রমিক জনতা লীগ | "গামছা" |
| ০৫. | বাংলাদেশের কমিউনিস্ট পার্টি | "কাস্তে" |
| ০৬. | বাংলাদেশ আওয়ামী লীগ | "নৌকা" |
| ০৭. | বাংলাদেশ জাতীয়তাবাদী দল -বি.এন.পি | "ধানের শীষ" |
| ০৮. | গণতন্ত্রী পার্টি | "কবুতর" |
| ০৯. | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | "কুঁড়েঘর" |
| ১০. | বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি | "হাতুড়ী" |
| ১১. | বিকল্পধারা বাংলাদেশ | "কুলা" |
| ১২. | জাতীয় পার্টি | "লাঙ্গল" |
| ১৩. | জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ | "মশাল" |
| ১৪. | জাতীয় সমাজতান্ত্রিক দল-জেএসডি | "তারা" |
| ১৫. | জাকের পার্টি | "গোলাপ ফুল" |
| ১৬. | বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ | "মই" |
| ১৭. | বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি | "গরুরগাড়ী" |
| ১৮. | বাংলাদেশ তরিকত ফেডারেশন | "ফুলের মালা" |
| ১৯. | বাংলাদেশ খেলাফত আন্দোলন | "বটগাছ" |
| ২০. | বাংলাদেশ মুসলিম লীগ | "হারিকেন" |
| ২১. | ন্যাশনাল পিপলস্ পার্টি (এনপিপি) | "আম" |
| ২২. | জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ | "খেজুরগাছ" |
| ২৩. | গণফোরাম | "উদীয়মান সূর্য" |
| ২৪. | গণফ্রন্ট | "মাছ" |
| ২৫. | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি- বাংলাদেশ ন্যাপ | "গাভী" |
| ২৬. | বাংলাদেশ জাতীয় পার্টি | "কাঁঠাল" |
| ২৭. | ইসলামিক ফ্রন্ট বাংলাদেশ | "চেয়ার" |
| ২৮. | বাংলাদেশ কল্যাণ পার্টি | "হাতঘড়ি" |
| ২৯. | ইসলামী ঐক্যজোট | "মিনার" |
| ৩০. | বাংলাদেশ খেলাফত মজলিস | "রিক্সা" |
| ৩১. | ইসলামী আন্দোলন বাংলাদেশ | "হাতপাখা" |
| ৩২. | বাংলাদেশ ইসলামী ফ্রন্ট | "মোমবাতি" |
| ৩৩. | বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | "কোদাল" |
| ৩৪. | খেলাফত মজলিস | "দেওয়াল ঘড়ি" |
| ৩৫. | বাংলাদেশ মুসলিম লীগ-বিএমএল | "হাত (পাঞ্জা)" |
| ৩৬. | বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট (মুক্তিজোট) | "ছড়ি" |
| ৩৭. | বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট-বিএনএফ | "টেলিভিশন" |
| ৩৮. | জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন-এনডিএম | "সিংহ" |
| ৩৯. | বাংলাদেশ কংগ্রেস | "ডাব" |

E:\ak nikosh\political party\প্রতীক\সংরক্ষিত প্রতীক.doc

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১১, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ/১১ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৬৮-আইন/২০২১।**—Representation of the People Order,1972 (President's Order No.155 of 1972) এর Article 94 এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে, কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে, অনুচ্ছেদ ২০ এর দফা (১) এর অধীন নিম্নলিখিত প্রতীকসমূহ হইতে যে কোনো একটি প্রতীক বরাদ্দ করা যাইবে, যথা :—



মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১। আপেল | ২২। চেয়ার | ৪৩। বেলুন |
| ২। আম | ২৩। ছড়ি | ৪৪। মই |
| ৩। উদীয়মান সূর্য | ২৪। ছাতা | ৪৫। মটরগাড়ি (কার) |
| ৪। একতারা | ২৫। ট্রাক | ৪৬। মশাল |
| ৫। কবুতর | ২৬। টেলিভিশন | ৪৭। মাছ |
| ৬। কলার ছড়ি | ২৭। ডাব | ৪৮। মাথাল |
| ৭। কাঁঠাল | ২৮। তবলা | ৪৯। মিনার |
| ৮। কাস্তে | ২৯। তারা | ৫০। মোমবাতি |
| ৯। কুমির | ৩০। তরমুজ | ৫১। রকেট |
| ১০। কুলা | ৩১। দাবাবোর্ড | ৫২। রিকশা |
| ১১। কুড়াল | ৩২। দালান | ৫৩। লাঙ্গল |
| ১২। কুঁড়ে ঘর | ৩৩। দেওয়াল ঘড়ি | ৫৪। শঙ্খ |
| ১৩। কোদাল | ৩৪। ধানের শীষ | ৫৫। সিংহ |
| ১৪। খাট | ৩৫। নোঙ্গর | ৫৬। স্যুটকেস |
| ১৫। খেজুর গাছ | ৩৬। নৌকা | ৫৭। হাত (পাঞ্জা) |
| ১৬। গরুর গাড়ি | ৩৭। ফুলকপি | ৫৮। হাত ঘড়ি |
| ১৭। গাভি | ৩৮। ফুলের মালা | ৫৯। হাত পাখা |
| ১৮। গামছা | ৩৯। বটগাছ | ৬০। হাতুড়ি |
| ১৯। গোলাপ ফুল | ৪০। বাই-সাইকেল | ৬১। হারিকেন।”। |
| ২০। ঘণ্টা | ৪১। বাঁশি | |
| ২১। চাকা | ৪২। বেঞ্চ | |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.